

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২০

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় 'অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

باب الإيمان بالقدر _ الفصل الثالث

আরবী

وَعَن أَبِي نَضِرة أَنَّ رَجُلًا مِنْ أَصِحْابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُقَالُ لَهُ أَبُو عَبْدِ اللَّهِ حَلَّى دَخَلَ عَلَيْهِ أَصِحْابُهُ يَعُودُونَهُ وَهُوَ يَبْكِي فَقَالُوا لَهُ مَا يُبْكِيكَ أَلَمْ يَقُلْ لَكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خُذْ مِنْ شَارِبِكَ ثُمَّ أَقِرَّهُ حَتَّى تَلْقَانِي قَالَ بَلَى وَلَكِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خُذْ مِنْ شَارِبِكَ ثُمَّ أَقِرَّهُ حَتَّى تَلْقَانِي قَالَ بَلَى وَلَكِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: ﴿إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ قَبَضَ بِيَمِينِهِ قَبْضَةً وَأُخْرَى بِالْيَدِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: ﴿إِنَّ اللَّهُ عَزَ وَجَلَّ قَبَضَ بِيَمِينِهِ قَبْضَةً وَأُخْرَى بِالْيَدِ الْأُخْرَى وَقَالَ هَذِهِ لِهَذِهِ وَهَذِه لَهَذِهِ وَلَا أَبَالِي فَلَا أَدْرِي فِي أَيِّ الْقَبْضَتَيْنِ أَنَا» . رَوَاهُ أَحْمَدُ

বাংলা

১২০-[৪২] আবৃ নাযরাহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণের মধ্যে আবৃ 'আবদুল্লাহ (রাঃ)-কে তাঁর সঙ্গী-সাথীগণ (মৃত্যুশয্যায়) দেখতে আসলেন। তিনি তখন ক্রন্দনরত অবস্থায় ছিলেন। তাঁরা তাঁকে জিজ্ঞেস করলেন, আপনি কান্নাকাটি করছেন কেন? আপনাকে কি রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এ কথা বলেননি যে, তোমার গোঁফ খাটো করবে। আর সব সময় এভাবে গোঁফকে খাটো রাখবে, যে পর্যন্ত আমার সাথে (জান্নাতে) দেখা না হবে। তিনি বললেন, হাঁ। তবে আমি রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে এ কথাও বলতে শুনেছি, মহান আল্লাহ তা'আলা স্বীয় ডান হাতে এক মুঠি (লোক) নিয়ে বলেছেন, এরা এর (জান্নাতের) জন্য এবং অপর (এক বাম) হাতের তালুতে এক মুঠি (লোক) নিয়ে বললেন, এরা এর (জাহান্নামের) জন্য। আর এ ব্যাপারে আমি কারো কোন পরোয়া করি না। এ কথা বলে তিনি ['আবদুল্লাহ (রাঃ)] বললেন, আমি জানি না, কোন হাতের মুঠির মধ্যে আমি আছি। (আহমাদ)[1]

English

Chapter: Belief in the Divine Decree - Section 3

Abu Nadra told how a companion of the Prophet called Abu 'Abdallah was visited by his friends who found him weeping. They asked him what made



him weep, and whether God's messenger had not told him to clip some of his moustache and keep it like that till he met him. He replied, "Yes, but I heard God's messenger say that God took a handful in His right hand and another in His left saying, 'This is for this, and that is for that, and I do not care;' and I do not know in which of the two handfuls I am."

Ahmad transmitted it.

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ১৭০৮৭। ইমাম আহমাদ মুসনাদে আহমাদের ৪/১৭৬-৭৭, ৫/৬৮ নং এ বর্ণনা করেছেন। তার সানাদটি সহীহ। আর ''আল মাজ্মা'' গ্রন্থে এর শাহিদ বর্ণনা রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু নাযরাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন